১২/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ১ .....

দৈনিক সংবাদ

# দর্শনা সরকারি কলেজে শিক্ষক সংকট শিক্ষা কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে তালা ঝুলিয়েছে ছাত্ররা

চুয়াডাঙ্গা থেকে মাহফুজ উদ্দিন খান ঃ চুয়াডাঙ্গা জেলার দর্শনা সরকারি কলেজে প্রকট শিক্ষক সংকটের কারণে শিক্ষা কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে। শিক্ষক সংকট নিরসনের দাবিতে সর্বদলীয় ছাত্রঐক্য আন্দোলন সংগ্রামে নেমেছে। গত ৮ই নভেম্বর বেলা ১১টায় ছাত্রঐক্য কলেজে তালা ঝুলিয়ে দিয়েছে। আগামী ১৭ই নভেম্বর থেকে শিক্ষক সংকট নিরসনের দাবিতে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘটের ডাক দিয়েছে।

দর্শনা সরকারি কলেজে শিক্ষকের পদ রয়েছে ৪৬টি। এর মধ্যে উপাধ্যক্ষসহ মোট ২৯ জন শিক্ষকের পদ দীর্ঘদিন ধরে শূন্য অবস্থায় রয়েছে। ইংরেজি, সমাজবিজ্ঞান, উদ্ভিদবিদ্যা এবং ইসলামি শিক্ষা ও আরবি বিভাগে কোন শিক্ষক নেই দীর্ঘদিন ধরে। বর্তমানে মাত্র ১৬ জন শিক্ষক কর্মরত রয়েছেন। ২৯টি শিক্ষকের পদ খালি থাকায় শিক্ষাদান কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে।

কলেজের শিক্ষক সংকট সমাধানের দাবিতে ছাত্রছাত্রীরা বহুদিন ধরে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন নিবেদন করে আসছে। কলেজের অধ্যক্ষ ছাত্রছাত্রীদের দাবির পরিপ্রেক্ষিতে এক মাস সময় নিয়েও সমস্যা সমাধানে ব্যর্থ হওয়ায় সর্বদলীয় ছাত্রঐক্য আন্দোলন কর্মসূচির ডাক দিয়েছে। গত ৮ই নভেম্বর সকালে কলেজের সকল ছাত্রছাত্রী শিক্ষক নিয়োগের দাবিতে দর্শনা শহরে বিক্ষোভ মিছিল বের করে। সর্বদলীয় ছাত্রঐক্য মিছিলে নেতৃত্ব দেয়। বিক্ষোভ মিছিল শেষে কলেজ ক্যাম্পাসে সর্বদলীয় ছাত্রঐক্যের আহ্বায়ক জাহাঙ্গীর আলম চঞ্চলের সভাপতিত্বে ছাত্রছাত্রী সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন সেলিম মেহফুজ মিলটন, মনিরুজ্জামান সুমন, সরোয়ার হোসেন, আবু বকর সিদ্দিক, রায়হান উদ্দিন, মমিনুল ইসলাম প্রমুখ।

সমাবেশের পর কলেজ ক্যাম্পাসে সর্বদলীয় ছাত্রঐক্য, দর্শনা সরকারি কলেজ কমিটির উদ্যোগে এক সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়। সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ বলেন, পর্যাপ্ত শিক্ষক সংকটের কারণে কলেজের পড়াশোনার মান একেবারেই মুখ থুবড়ে পড়েছে। শিক্ষক সংকট নিরসন না হলে আগামী ১৭ই নভেম্বর থেকে কলেজে অনির্দিষ্টকালের জন্য ছাত্র ধর্মঘট আহ্বান করেছে ছাত্রঐক্য। ছাত্র ধর্মঘটের পাশাপাশি সাধারণ জনগণকে সাথে নিয়ে বৃহত্তর আন্দোলন গড়ে তোলার মাধ্যমে দর্শনা শহর অচল করে দেয়ারও হুমকি দেয়া হয়।

শিক্ষক সংকট ছাড়াও কলেজের লাইব্রেরিতে প্রয়োজনীয় পাঠ্যপুস্তকের অভাব, সাইকেল স্ট্যান্ড না থাকায় প্রতিনিয়ত ছাত্রদের সাইকেল চুরি হওয়ার ঘটনা ছাড়াও ছাত্রাবাস সমস্যা প্রকট হয়ে উঠেছে। জরাজীর্ণ ছাত্রাবাসটি আগামী ডিসেম্বর মাসের পর তা বন্ধ করে দেয়া হবে বলে কলেজ কর্তৃপক্ষের ঘোষণায় দূরদূরান্তের ছাত্রদের নতুন সংকটে ফেলেছে। এর প্রতিবাদও করেছে ছাত্রঐক্যের নেতৃবৃন্দ। এছাড়া দীর্ঘ ৯ বছর ধরে ছাত্র সংসদ নির্বাচন হচ্ছে না। অনতিবিলম্বে ছাত্র সংসদ নির্বাচনেরও দাবি জানিয়েছে ছাত্রছাত্রীরা।